**Website: www.bb.org.bd**

**পরিসংখ্যান বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

এসডি সার্কুলার নং-০৪/২০১৫

তারিখঃ ডিসেম্বর ৩১, ২০১৫ / পৌষ ১৭, ১৪২২

ব্যবস্থাপনা পরিচালক / প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

বিষয়ঃ E-banking ও E-commerce সংক্রান্ত বিবরণী নতুন RIT-এর মাধ্যমে মাসিক ভিত্তিতে দাখিল প্রসংগে।

শিরোনামোক্ত বিষয়ে পরিসংখ্যান বিভাগের এসডি সার্কুলার নং-০১ তারিখ এপ্রিল ১৩, ২০১৫ এবং পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্টের পিএসডি সার্কুলার নং-০৩ তারিখ এপ্রিল ১২, ২০১৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে।

বর্ণিত সার্কুলারদ্বয়ের আওতায় এপ্রিল ’২০১৫ হতে E-banking ও E-commerce সংক্রান্ত তথ্য মাসিক ভিত্তিতে নিয়মিতভাবে RIT (T_ME_M_EBANKING_ECOMMERCE) এবং RIT (T_PS_M_PSD_INFO)-এর মাধ্যমে পরবর্তী মাসের যথাক্রমে ১০ তারিখের মধ্যে পরিসংখ্যান বিভাগে এবং ১৫ তারিখের মধ্যে পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্টে বাংলাদেশ ব্যাংকের ওয়েব পোর্টাল-এর মাধ্যমে তফসিলী ব্যাংকসমূহ হতে প্রেরণ করা হচ্ছে। একই ধরণের তথ্য যাতে দুই ডিপার্টমেন্টে দাখিল করতে না হয় সে লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ পরিপালনের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

১) উপরোক্ত সার্কুলার দ্বয়ে বর্ণিত RIT ডিসেম্বর’২০১৫ মাসের পর থেকে বাতিল হিসেবে গণ্য হবে।
২) উক্ত বিবরণী সংশ্লিষ্ট একীভুত নতুন RIT (T_ME_M_EBANKING_ECOMMERCE) বাংলাদেশ ব্যাংকের Website হতে Download করা যাবে অথবা পরিসংখ্যান বিভাগের এসএসপি উপ-বিভাগ থেকে সরাসরি সংগ্রহ করতে হবে।
৩) নতুন RIT অনুযায়ী সংশ্লিষ্ট তথ্য/উপাত্তের মাসিক বিবরণী নিয়মিতভাবে তার পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে পরিসংখ্যান বিভাগে দাখিল করতে হবে। PSD তে উপরোক্ত তথ্য/উপাত্ত সংশ্লিষ্ট কোন RIT দাখিল করতে হবে না।
৪) জানুয়ারি’২০১৬ মাসের একীভুত RIT ১০ ফেব্রুয়ারি’ ২০১৬ তারিখের মধ্যে বাংলাদেশ ব্যাংকের ওয়েব পোর্টাল-এর মাধ্যমে পরিসংখ্যান বিভাগে প্রেরণ করতে হবে এবং তৎপরবর্তী মাস হতে উক্ত বিবরণী নিয়মিতভাবে মাসিক ভিত্তিতে দাখিল করতে হবে।

ফাইলঃ T_ME_M_EBANKING_ECOMMERCE
লিংকঃ http://ereturns.bb.org.bd/edwportal/

আপনাদের বিশ্বস্ত,

(রোকসানা বেগম)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৪৫